দৈনিক ইনকিলাব

তারিখ 12 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ৮

136

## পৃথক প্রাথমিক শিক্ষা ক্যাডার সৃষ্টির দাবীতে ঐক্য পরিষদ গঠন

গত শুক্রবার ঢাকা জেলা প্রাথমিক শিক্ষা অফিস প্রাঙ্গণে বিসিএস প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সমিতি, বাংলাদেশ পিটিআই শিক্ষক সমিতি, বাংলাদেশ থানা শিক্ষা অফিসার সমিতি, বাংলাদেশ সহকারী থানা শিক্ষা অফিসার সমিতি ও সহকারী হিসাব রক্ষণ/সহকরী মনিটরিং অফিসার সমিতির কেন্দ্রীয় নেতৃবৃন্দের এক যৌথ সভা জনাব মুহঃ মোসলেম, সভাপতি, বাংলাদেশ বিসিএস প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সমিতি-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় গত ২৭-১২-৯০ তারিখে শিক্ষা মন্তরণালয়ে অনুষ্ঠিত এক সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিসিএস প্রাথমিক শিক্ষা নামে একটি পৃথক ক্যাডার অদ্যাবধি সৃষ্টি না হওয়ায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হয়। সভায় প্রাথমিক ও গণশিক্ষা বিভাগাধীন বিসিএস প্রাথমিক শিক্ষা ক্যাডার নামে একটি পৃথক ক্যাডার সৃষ্টির লক্ষ্যে জনাব মোঃ মোসলেমকে সভাপতি এবং জনাব মোঃ আলহাজ্জ আঃ হাকিমকে মহাসচিব করে উল্লেখিত ৫টি সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দের সমন্বয়ে ২১ সদস্যবিশিষ্ট প্রাথমিক শিক্ষা ঐক্য পরিষদ গঠন করা হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তি'র।